গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩, উমেশ দত্ত রোড,
বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০০৭.০১.০০১.২৬. ২২

তারিখঃ ২৬ মাঘ ১৪৩২ / ০৯ ফেব্রুয়ারি ২০২৬

**বিষয়ঃ কারা কর্মচারীদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা ও স্বাস্থ্য রেজিস্টার সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনা।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, কারা কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকরণ ও কর্মক্ষমতা বজায় রাখার লক্ষ্যে নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা এবং সংশ্লিষ্ট রেজিস্টার সংরক্ষণ করা আবশ্যক। এ লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ কঠোরভাবে অনুসরণের জন্য আদেশ প্রদান করা হলো।

১। কারাগারে কর্মরত ডিপ্লোমা নার্স/ফার্মাসিস্ট কর্তৃক সকল কারা কর্মকর্তা ও কর্মচারীদের রক্তচাপ (Blood Pressure) ও নাড়ির গতি (Pulse) প্রতি মাসে অন্তত একবার পরিমাপপূর্বক নির্ধারিত স্বাস্থ্য রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।

২। বয়স ৪০ (চল্লিশ) বছরের উর্ধ্বে সকল কারা কর্মচারীদের ক্ষেত্রে বছরে অন্তত একবার ইসিজি (ECG), রক্তে শর্করা পরীক্ষা (Blood Sugar) এবং লিপিড প্রোফাইল (Lipid Profile) পরীক্ষা সম্পন্ন করা বাধ্যতামূলক।

৩। উপরোক্ত সকল স্বাস্থ্য পরীক্ষার ফলাফল সংরক্ষণের জন্য পৃথক স্বাস্থ্য রেজিস্টার সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজনে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে।

৪। নির্ধারিত সময় অনুযায়ী স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ এবং বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) এর সাথে প্রেরণ, সংশ্লিষ্ট সকল কারা কর্মচারীদের জন্য বাধ্যতামূলক বলে গণ্য হবে।

৫। এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

অতএব, উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তি: স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট কপি-০১(এক) পাতা।

০৯/০২/২৬

মোহাম্মদ আখতার হাসিব দেওয়ান
লেঃ কর্নেল
কারা উপ-মহাপরিদর্শক (স্বাস্থ্য)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন: ৫৭৩০০৪০০ (দপ্তর)
dighq1@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক সকল বিভাগ, সকল সদর দপ্তর।
সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। অতিরিক্ত কারা মহাপরিদর্শক(প্রশাসন/অপারেশন/বন্দি ব্যবস্থাপনা), কারা অধিদপ্তর, ঢাকা।
২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৩। সহকারি কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৪। জেল সুপার, প্রিজন্স হসপিটালাইজড ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টিলিজেন্স ইউনিট/আইসিটি সেল (**ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**), কারা অধিদপ্তর, ঢাকা।
৬। ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (প্রশাসন/অপারেশন/বন্দি ব্যবস্থাপনা), কারা অধিদপ্তর, ঢাকা। মহোদয়গণের সদয় অবগতির জন্য।
৭। গার্ড ফাইল।

CamScanner

# বাংলাদেশ জেল

## স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট

তারিখ: ____________________

**কর্মকর্তা/কর্মচারীদের তথ্য:**

নাম :

বিজে/কারারক্ষী নং :

বয়স : ______ বছর

ওজন : ______ কেজি

রক্তচাপ : ______ mmHg

নাড়ির গতি (Pulse) : ______ বার/মিনিট

**বয়স ৪০ বছরের উর্ধ্বে প্রযোজ্য পরীক্ষা:**

রক্তের শর্করা (Blood Sugar)___RBS :

ইসিজি (ECG) :

লিপিড প্রোফাইল (Lipid Profile) :

স্বাক্ষর

সহকারী সার্জন/মেডিকেল অফিসার

CS CamScanner